

মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি/প্রশিক্ষণ কেন্দ্রের সংক্ষিপ্ত বিবরণ

নওগাঁ জেলাধীন পত্নীতলা উপজেলা সদর হতে ২ কি.মি উত্তর দিকে নওগাঁ-ধামইরহাট হাইওয়ে (সড়ক) সংলগ্ন পশ্চিম পার্শে গ্রামীণ মৎস্য বীজ উৎপাদন খামার, পত্নীতলা, নওগাঁ অবস্থিত।

১৯৮৪ খ্রিস্টাব্দে খামারটি প্রতিষ্ঠিত হওয়ার পর ১৯৯৮ খ্রিষ্টাব্দ হতে আগষ্ট/২০১৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ব্যক্তিমালিকানা পর্যায়ে ইজারা ছিল। ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর খামারটি ২০২১ সালে মৎস্য আধিদপ্তরের জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মাধ্যমে পুনঃখনন করার পর মাছ উৎপাদনের সুষ্ঠু পরিবেশ সৃষ্টি হয়েছে। এহেন পরিস্থিতিতে ৬টি পুকুরে স্থানান্তর করে ক্ষুদ্র পরিসরে পোনা উৎপাদন কার্যক্রম পরিচালনার জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

বর্তমানে খামারের চতুর্পাশ্বে বেড়াসহ অন্যান্য অবকাঠামো ও হ্যাচারি পরিচালনার সরঞ্জামাদি অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় সুষ্ঠু ও সুন্দরভাবে কর্মপরিকল্পনা মোতাবেক উৎপাদন কার্যক্রম পরিচালনা সহজতর করার জন্য হ্যাচারীর অবকাঠামোসহ অন্যান্য অবকাঠামোর মেরামত/নির্মান করা হলে মানসম্মত মৎস্য বীজ ও পোনা উৎপাদনের মাধ্যমে এলাকার মৎস্য চাষীদের সেবা প্রদান করার সুযোগ সৃষ্টি হবে।

এতদলক্ষ্যে পুকুরে ভৌত অবকাঠামো, পানির সুব্যবস্থার জন্য সাবমার্সেবল পাম্প, হ্যাচারীর অবকাঠামো নির্মানসহ অন্যান্য অবকাঠামোর উন্নয়ন কার্যক্রম গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।